গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট
www.rdcd.gov.bd

সভাপতি	মো: মোখলেছুর রহমান. এনডিসি অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৮.০১.২০২৫ খ্রিঃ
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (নগর ভবন) এর বুড়িগঙ্গা সম্মেলন কক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তগণের তালিকা (পরিশিষ্ট-ক) সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের সিস্টেম এনালিস্টকে সভার বিষয়বস্তু আলোচনার জন্য অনুরোধ জানান।

২. সভাপতির অনুমতিক্রমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত কারিগরি ও ToR রিপোর্ট রিসিভ কমিটির সদস্য সচিব ও সিস্টেম এনালিস্ট প্রকৌঃ মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের সংস্থাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

৩. **সভার আলোচনা:**

ক) **সমবায় অধিদপ্তর:** সমবায় অধিদপ্তরের কারিগরি কমিটির সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা জানান যে সমবায় সমিতি নিবন্ধন কার্যক্রম গত ১ জুলাই, ২০২৪ হতে সম্পূর্ণরূপে অনলাইন প্ল্যাটফর্মে সম্পন্ন হচ্ছে। তিনি আরো জানান, গত ২৭ জানুয়ারি, ২০২৫ তারিখ সমবায় অধিদপ্তরের নিজস্ব আর্থায়নে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম এর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের কারিগরি সমস্যা সমাধানের নিমিত্ত একটি ফেইস বুক গ্রুপ তৈরি করা হয়েছে যেখানে বিভিন্ন কারিগরি সমস্যার সমাধান দেয়া হয়। সমবায় অধিদপ্তরের কারিগরি কমিটির সভাপতি জানান, ভেন্ডর প্রতিষ্ঠানের জনবল ঘাটতির কারণে বেশির ভাগ সময় তাদের সাপোর্ট পাওয়া যায় না।

খ) **বিআরডিবি:** বিআরডিবি'র কারিগরি কমিটির ফোকাল পয়েন্ট জনাব নাজনীন বেগম জানান, গত ২২ ডিসেম্বর,২০২৪ তারিখ ডাইনামিক ড্যাশবোর্ড এবং রিপোর্টিং সিস্টেম বাস্তবায়নের নিমিত্ত এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত নির্দেশনা মোতাবেক ভেন্ডর প্রতিষ্ঠান ড্যাশবোর্ড তৈরি করেছেন তবে রিপোর্টিং সিস্টেমের কাজ এখনও লাইভে দেননি। তিনি Accounting Information system (AIS) তৈরির জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান, E-commerce প্ল্যাটফর্মে কার্যক্রম বাস্তবায়নে খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়েছে; শীঘ্রই এটি চূড়ান্ত করা হবে।

গ) **বার্ড:** বার্ডের ফোকাল পয়েন্ট জানান, অভ্যন্তরীণ সেবাগুলো ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পাদন করছেন। ব্যবহারকারী কর্তৃক সিস্টেমটি যথাযথভাবে ব্যবহারের জন্য ফোকাল পয়েন্ট প্রশিক্ষণের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। এছাড়া রিপোর্টিংয়ের ক্ষেত্রে কিছু সমস্যা পরিলক্ষিত হচ্ছে মর্মে সেগুলো সংশোধনের বিষয়ে গুরুত্বারোপ করেন।

ঘ) **আরডিএ:** পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার কারিগরি কমিটির সভাপতি জনাব মোঃ ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমে তিনটি প্রকল্পের ডাটা মাইগ্রেশন সম্পন্ন হয়েছে। সামান্য কিছু সমস্যা আছে যা তিনি সমাধানের জন্য ভেন্ডর প্রতিষ্ঠানকে অনুরোধ জানান। সফট্ওয়্যার পরিচালনাকারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরো জানান একপে'র সাথে ইন্টিগ্রেশন সম্পন্ন না হওয়ায় সেলস্ এ্যান্ড ই-কর্মাস সিস্টেমে কাজ করা যাচ্ছে না।

ঙ) **বাপার্ড:** বাপার্ডের ফোকাল পয়েন্ট জানান ৩টি কম্পোনেন্ট ব্যবহার উপযোগী তবে কম্পোনেন্টগুলো চালুর পূর্বে একটি প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন।

চ) **পিডিবিএফ:** ফোকাল পয়েন্ট বলেন ডাটা মাইগ্রেশনের জন্য একটি এন্ট্রি ফরম তৈরি করে দেয়া হলে পিডিবিএফ এর আঞ্চলিক কার্যালয়ের ডাটা এন্ট্রি অপারেটর দিয়ে ১৫-২০ দিনের মধ্যে সারা বাংলাদেশের ১৩ লাখ সুফলভোগী সদস্যের এন্ট্রি সম্পন্ন করা সম্ভব। এছাড়া জাতীয় পরিচয়পত্র (এনআইডি) ইন্টিগ্রেশন হলে অনেক তথ্য অটোমেটিক্যালি সিস্টেম যুক্ত হবে। তিনি বলেন, ভেন্ডর প্রতিষ্ঠানের জনবল সংকটের কারণে বেশির ভাগ সময় তাদের সাপোর্ট পাওয়া যায় না। তিনি জানান ডাটা হালনাগাদ না করে পাইলটিং করা দূরুহ। তিনি AIS এবং MIS তৈরির জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি পে-রোল এর বিষয়টি ইন্টিগ্রেট করার অনুরোধ করেন।

ছ) **এসএফডিএফ:** ফোকাল পয়েন্ট জানান, প্রধান কার্যালয়ে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেমে ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে এবং উপজেলাগুলোতে ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান। লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমে ২৫ টি উপজেলার ডাটা মাইগ্রেশন সম্পন্ন হয়েছে ২টি উপজেলা লাইভে আছে। তিনি AIS এবং MIS তৈরির জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান, ভেন্ডর এর কাছ থেকে যথাযথ সাপোর্ট পাওয়া যাচ্ছে না। রিপোর্টিং মডিউল (দৈনিক, মাসিক, বাৎসরিক রিপোর্ট) অতিদ্রুত সম্পাদনের জন্য অনুরোধ করেন।

জ) **মিল্কভিটা:** মিল্কভিটার ফোকাল পয়েন্ট জানান, ০১ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ হতে মিল্কভিটার মিল্ক ডিস্ট্রিবিউশন ম্যানেজমেন্ট সিস্টেম চালু হবে। ভেন্ডর প্রতিষ্ঠানকে তিনি এবিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। তিনি আরও জানান, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম চালুর নিমিত্ত প্রশিক্ষণ কার্যক্রম চলমান এবং ডাটা এন্ট্রির কাজ চলছে।

ঝ) অন্যান্য: সফটওয়্যার ডেভেলপমেন্ট ফার্ম/ ভেন্ডর প্রতিষ্ঠান জানান, তাদের ১২টি কিস্তিতে পেমেন্ট দেয়ার কথা থাকলেও তন্মধ্যে ৪টি কিস্তির টাকা পেয়েছেন অবশিষ্ট টাকা না পাওয়ায় জনবল চাকরি ছেড়ে অন্যত্র চলে যাচ্ছে। এছাড়া বর্ধিত চুক্তির মেয়াদ আগামী ০২ মার্চ,২০২৫ তারিখ শেষ হবে পরবর্তিতে মেয়াদ কতদিন বর্ধিত করা যেতে পারে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৪. সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	অতি দ্রুত জাতীয় পরিচয় পত্র ভেরিফিকেশনের জন্য নির্বাচন কমিশন, পেমেন্ট গেটওয়ের জন্য একপে, এটুআই এবং সিস্টেমে এসএমএস ইন্টিগ্রেশনের জন্য বাংলাদেশ টেলিটকের সাথে চুক্তি (MoU) করতে হবে।	প্রশাসন শাখা-১, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২।	ভেন্ডর প্রতিষ্ঠানকে সিস্টেমের কারিগরি সমস্যা সমাধানের ক্ষেত্রে আরও তৎপর হতে হবে এবং সকল প্রতিষ্ঠানকে যথাযথ কারিগরি সার্পোট প্রদানের নিমিত্ত জনবল বৃদ্ধি করতে হবে।	সফটওয়্যার ডেভেলপমেন্ট ফার্ম/ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ ও অরেঞ্জ বিডি লিঃ)।
৩।	রিপোর্টিং সংক্রান্ত সকল সমস্যা আগামী ১০ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখের মধ্যে সমাধান করতে হবে।	সফটওয়্যার ডেভেলপমেন্ট ফার্ম/ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ ও অরেঞ্জ বিডি লিঃ)।
৪।	সকল দপ্তর/সংস্থায় হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম অবিলম্বে ইমপ্লিমেন্টেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	এবিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার কারিগরি কমিটির সভাপতি, সদস্য সচিব এবং সফটওয়্যার ডেভেলপমেন্ট ফার্ম/ভেন্ডর প্রতিষ্ঠান (অরেঞ্জ বিডি লিঃ)।
৫।	লোন এ্যান্ড ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট সিস্টেমের ডাটা এন্ট্রির জন্য ভেন্ডর প্রতিষ্ঠান পিডিবিএফ'কে একটি এন্ট্রি ফরম অতি দ্রুত তৈরি করে দিবে এবং পিডিবিএফ অতি দ্রুত ১৩ লাখ সুফলভোগীর তথ্য সিস্টেমে আপলোড সম্পন্ন করবে।	পিডিবিএফ এবং সফটওয়্যার ডেভেলপমেন্ট ফার্ম/ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ)।
৬।	ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম বাস্তবায়নে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সফটওয়্যার ডেভেলপমেন্ট ফার্ম/ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ এবং অরেঞ্জ বিডি লিঃ)।
৭।	AIS এবং MIS তৈরির কাজ অতি সত্বর সম্পন্ন করতে হবে।	সফটওয়্যার ডেভেলপমেন্ট ফার্ম/ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ এবং অরেঞ্জ বিডি লিঃ)।
৮।	ইন্টিগ্রেটেড সিস্টেম বাস্তবায়নে সকলকে আরও উদ্যোগী হতে হবে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা।

৯।	কারিগরি কমিটি ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত প্রতি মাসে একটি সভা আহবান করবেন এবং প্রতি মাসে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবিভাগে প্রেরণ করবেন।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর আওতাধীন দপ্তর/সংস্থার কারিগরি কমিটির সভাপতি ।
১০।	ইন্টিগ্রেটেড সিস্টেমের চুক্তির মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি সুপারিশ করা হয়।	প্রশাসন শাখা-০১, সফটওয়্যার ডেভেলপমেন্ট ফার্ম/ ভেন্ডর প্রতিষ্ঠান (ইরা ইনফোটেক লিঃ এবং অরেঞ্জ বিডি লিঃ)

অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

সকল সংযুক্তিসমূহ:

(১) পরিশিষ্ট-ক

১৩-০২-২০২৫
মো: মোখলেছুর রহমান. এনডিসি
অতিরিক্ত সচিব

নম্বর: ৪৭.০০.০০০০.০৪৩.১৮.০০৩.২১.৩০

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
২। অতিরিক্ত সচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩। ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)।
৪। নিবন্ধক ও মহাপরিচালক, নিবন্ধক ও মহাপরিচালকের দপ্তর, সমবায় অধিদপ্তর।
৫। ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)।
৬। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি।
৭। যুগ্মসচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৮। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)।
৯। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
১০। ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)।
১১। অতিরিক্ত মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও ক্রয়) এর দপ্তর, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)।
১২। উপসচিব, উন্নয়ন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৩। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বাজেট অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৫। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৬। বিভাগীয় যুগ্ম নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
১৭। সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৮। প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১৯। পরিচালক (প্রশিক্ষণ) , প্রশিক্ষণ বিভাগ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
২০। সহকারী প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২২। উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
২৩। উপপরিচালক (উ: যো:), প্রশাসন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি।
২৪। গবেষণা সহকারী, পরিচালক (প্রশিক্ষণ, আইটি ও গবেষণা) এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)।
২৫। যুগ্ম পরিচালক (ভারপ্রাপ্ত), আইটি শাখা, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)।
২৬। সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসন বিভাগ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
২৭। উপমহাব্যবস্থাপক (আইসিটি, পরিকল্পনা ও ডকুমেন্টেশন), উপ-মহাব্যবস্থাপক (আইসিটি শাখা), ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)।
২৮। পরিচালক, অরেঞ্জ বিডি লিঃ।
২৯। প্রজেক্ট কো-অর্ডিনেটর, অরেঞ্জ বিডি লিঃ।
৩০। ইরা ইনফোটেক লিঃ।
৩১। ইরা ইনফোটেক লিঃ।

১৩-০২-২০২৫
প্রকৌশলী মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিস্ট

২৮ জানুয়ারি ২০২৫ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের সভাপতিত্বে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবনের বুড়িগঙ্গা সম্মেলন কক্ষে (মেয়র উইং-এর পশ্চিম পাশের নীচতলা) ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারী প্ল্যাটফর্ম সিস্টেম-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত কারিগরি মনিটরিং ও ToR রিপোর্ট রিসিভ কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

ক্রমিক নং	নাম, পদবী ও প্রতিষ্ঠান	ই-মেইল এড্রেস ও মোবাইল নম্বর	স্বাক্ষর ও তারিখ
১			
২			
৩	মো: ফেরদৌস হোসেন খান পরিচালক (প্রশাসন) RDA, বগুড়া	ferdousrda@gmail.com 01712683550	28.01.2025
৪	অসীম কুমার সরকার উপপরিচালক বার্ড, কুমিল্লা	sarker.asim@gmail.com 01747774799	28/01/25
৫	জয়ন্ত কুমার রায় সহ: পরিচালক আরডিএ, বগুড়া	jayanto02.rda@gmail.com 01719028344	২৮/১/২৫
৬	মো: আনোয়ারুল হাসান উপ-মহাব্যবস্থাপক (মান) মিল্ক-ভিটা	anwarhasan211166@gmail.com 01904441190	28.1.2025
৭	মো: মনবুল রায়হান উপ মহাব্যবস্থাপক (আইসিটি) মিল্ক-ভিটা এসএসডিএস	dgm.ict@sfdf.gov.bd 01769594205	28.1.2025
৮	নাজনীন খানম উপপরিচালক (প্রোগ্রামিং)	ddprog@brdb.gov.bd 01915843607	28/01/2025
৯	আবদুল্লাহ, সহ: প্রোগ্রামার, পিডিবিএফ	abdullah.pdbf@gmail.com 01787715476	28/01/2025
১০	মো: শফিউল ইসলাম যুগ্ম পরিচালক	shafiulpdbf@gmail.com 01711404663	28.01.2025

ক্রমিক নং	নাম, পদবী ও প্রতিষ্ঠান	ই-মেইল এড্রেস ও মোবাইল নম্বর	স্বাক্ষর ও তারিখ
১১	আফরিন মোহাম্মদ আঁখি প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	programmer@rdcd.gov.bd	Ankh. ২৮/০১/২০২৫
১২	প্রকৌ: মো: মোনায়েম উদ্দিন চৌধুরী সিস্টেম এনালিস্ট	system.analyst@rdcd.gov.bd	[illegible] ২৮/০১/২০২৫
১৩	মো: মিজানুর রহমান বিভাগীয় যুগ্ম নিবন্ধক খুলনা	mizan.bcs21@gmail.com	[illegible] ২৮/১১/২৫
১৪	মাহমুদুল হাসান সহকারী পরিচালক (সা.গ, সা.দা)	mahamudul082@gmail.com	[illegible] ২৮/০১/২০২৫
১৫			
১৬			
১৭			
১৮			
১৯			
২০			
২১			

২৮ জানুয়ারি ২০২৫ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের সভাপতিত্বে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবনের বুড়িগঙ্গা সম্মেলন কক্ষে (মেয়র উইং-এর পশ্চিম পাশের নীচতলা) ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারী প্ল্যাটফর্ম সিস্টেম-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত কারিগরি মনিটরিং ও ToR রিপোর্ট রিসিভ কমিটির সভায় উপস্থিত ভেন্ডর প্রতিষ্ঠানের প্রতিনিধির হাজিরা:

ক্রমিক নং	নাম, পদবী ও প্রতিষ্ঠান	ই-মেইল এড্রেস ও মোবাইল নম্বর	স্বাক্ষর ও তারিখ
১।	হাফেজ আহাম্মদ অরেঞ্জ বিডি, ডাইরেক্টর	hafez@orangebd.com 01713243677	[signature]
২।	Rony Khandoker Orangebd. Prj. Coordinator	kmhaque@orangebd.com 01794648848	[signature]
৩।	মারুফ পারভেজ খান	maruf@erainfotechbd.com 01913880950	[signature]
৪।	তৌফিকুল ইসলাম	tawhiqul@erainfotechbd.com 01626292239	Tawhiq
৫।			
৬।			
৭।			
৮।			
৯।			
১০।			